

ডাকসু নির্বাচন উপলক্ষে ছুটির সিদ্ধান্ত বদল

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

ডাকসু নির্বাচন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকার বিষয়ে নতুন সিদ্ধান্ত জানিয়েছে নির্বাচন কমিশন। আজ বুধবার (৩ সেপ্টেম্বর) রাতে এক জরুরি সংবাদ সম্মেলনে ডাকসুর চিফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. জসীম উদ্দিন জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন উপলক্ষে শুধু ভোট গ্রহণের দিন আগামী ৯ সেপ্টেম্বর (মঙ্গলবার) বিশ্ববিদ্যালয়ের সব ধরনের ক্লাস ও পরীক্ষা স্থগিত থাকবে।

এর আগে গত ৩০ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মুনসী শামস উদ্দিন আহম্মদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ডাকসু ও হল সংসদ নির্বাচন উপলক্ষে আগামী ৭ সেপ্টেম্বর (রবিবার) থেকে ১০ সেপ্টেম্বর (বুধবার) পর্যন্ত মোট ৪ দিন বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে।

এ সিদ্ধান্তের পর বিশ্ববিদ্যালয় প্রশাসনের এই সিদ্ধান্তকে ভালোভাবে নেননি প্রার্থীরা।

এ নিয়ে অনেক প্রার্থী নির্বাচন কমিশনের কাছে লিখিত অভিযোগও দিয়েছেন। পরে গত সোমবার (১ সেপ্টেম্বর) এই সিদ্ধান্ত পরিবর্তন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সেদিন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মুনসী শামস উদ্দিন আহম্মদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ৭ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা চলমান থাকবে। আসন্ন ডাকসু ও হল সংসদ নির্বাচন উপলক্ষে ৮ সেপ্টেম্বর থেকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত মোট তিন দিন সব ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে।

এদিকে আজ ফের সিদ্ধান্ত পরিবর্তন বিশ্ববিদ্যালয় প্রশাসন। এবার তিন দিনের ছুটি পরিবর্তন করে এক দিন করল ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন। ফলে শুধু ভোট গ্রহণের দিন আগামী ৯ সেপ্টেম্বর (মঙ্গলবার) বিশ্ববিদ্যালয়ের সব ধরনের ক্লাস ও পরীক্ষা স্থগিত থাকবে।

